১৩০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০৪৪.৯৯.০০৪.২২.৪৫

তারিখ: ০৯-০৪-২০২৩
২৬ চৈত্র ১৪২৯

বিষয়: ২০২২-২৩ অর্থবছরের মাসিক ভিত্তিতে সিসমিক জরিপ কার্যক্রম মনিটরিং কমিটির (মার্চ,২০২৩) মাসের প্রতিবেদন।

সূত্র: এ বিভাগের স্মারক নং- ২৮.০০.০০০০.০১১.০৬.০০৩.২২-৪৭, তারিখ: ২৫ -০৭- ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে সিসমিক জরিপ কার্যক্রম মনিটরিং কমিটির মার্চ, ২০২৩ মাসের প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: মার্চ, ২০২৩ মাসের প্রতিবেদন।


মো: মাফরুল আলম
প্রোগ্রামার
ফোন: ৯৫৮৪৮৮৯
ই-মেইল: Programmer@emrd.gov.bd


সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
[দৃ: আ: যুগ্মসচিব (প্রশাসন-২), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ]

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা), কাওরান বাজার, ঢাকা।
২। উপসচিব (পরিকল্পনা-১ শাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৩। উপসচিব (পরিকল্পনা-২ শাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৪। ব্যবস্থাপনা পরিচালক , সিলেট গ্যাস ফিল্ড কোম্পানী লিমিটেড।
৫। মহাব্যবস্থাপক (পিএন্ডডি), পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড।
৬। প্রকল্প পরিচালক, এ্যাকারেজ ব্লক-১৩ ও ১৪ এর অবমুক্ত এলাকায় ৩ডি সাইসমিক জরিপ প্রকল্প, এসজিএফএল, সিলেট।
৭। ব্যবস্থাপক (কন্ট্রাক্ট), পেট্রোবাংলা কাওরান বাজার, ঢাকা।
৮। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৯। অতিরিক্ত সচিবের দপ্তর (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

মো: মাফরুল আলম
প্রোগ্রামার

## মাসিক ভিত্তিতে সিসমিক জরিপ কার্যক্রম মনিটরিং প্রতিবেদন (মার্চ ২০২৩)

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মধ্যে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কর্মসম্পাদন সূচক ২.১.১ ও ২.১.২ এ ১০০০ লাইন কিলোমিটার ২ডি সিসমিক ও ৭০ বর্গ কিলোমিটর ৩ডি সিসমিক জরিপ কার্যক্রম অর্ন্তভূক্ত আছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রশাসন-২ অধিশাখার ২৫-০৭-২০২২ তারিখের অফিস আদেশ নং-২৮.০০.০০০০.০১১.০৬.০০৩.২২.৪৭ স্মারকের মাধ্যমে ২০২২-২৩ অর্থ বছরের সিসমিক জরিপ কার্যক্রম মনিটরিং করার জন্য টিম গঠন করা হয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) এর নেতৃত্বে কমিটির নিম্নবর্ণিত সদস্যগণ গত ৩০ মার্চ, ২০২৩ হতে ০১ এপ্রিল, ২০২৩ পর্যন্ত এ্যাকরেজ ব্লক ১৩ ও ১৪-এর অবমুক্ত এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের বাতচিয়া ও সিলেট সাউথ ব্লক এর ৩-ডি সিসমিক কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন।

১) জনাব মো: আ: খালেক মল্লিক, অতিরিক্ত সচিব (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

২) জনাব মো: মাফরুল আলম, প্রোগ্রামার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৩) জনাব মোহাম্মদ রবিউল আউয়াল খান, ব্যবস্থাপক(কন্ট্রাক্ট), পেট্রোবাংলা।

**পরিদর্শনকৃত এলাকা:** শমশেরনগর, কমলগঞ্জ, মৌলভীবাজার এবং দরবক্স, জৈন্তাপুর ও সিলেট সদর -এ এ্যাকরেজ ব্লক ১৩ ও ১৪-এর অবমুক্ত এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ সংশ্লিষ্ট প্রকল্প এলাকা।

**আয়োজক:** ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ড লিমিটেড ও প্রকল্প পরিচালক, এ্যাকরেজ ব্লক ১৩ ও ১৪-এর অবমুক্ত এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্প।

**পরিদর্শনকৃত এলাকা:** সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)-এর আওতায় বাস্তবায়নাধীন "এ্যাকরেজ ব্লক ১৩ ও ১৪-এর অবমুক্ত এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ" শীর্ষক প্রকল্পের সোর্স পয়েন্ট, রিসিভার পয়েন্ট, ডাটা রেকর্ডিং কার্যক্রম, বেজ ক্যাম্প, অস্থায়ী ম্যগাজিন ও এ্যাকুইজিশন এলাকা পরিদর্শণ ।

### ২.১ কমিটির কার্যক্রম

কমিটি সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)-এর এ্যাকরেজ ব্লক ১৩ ও ১৪-এর অবমুক্ত এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের আওতায় ৩০-০৩-২০২৩ তারিখ দুপুর ১.৪৫ এ BGP. Inc ক্রো- ৮৬২৬ এর শমেশরনগর, কমলগঞ্জ, মৌলভীবাজার -এ অবস্থিত বেজ ক্যাম্প পরিদর্শণ এবং উক্ত স্থানে BGP. Inc., China কর্তৃক পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন এর মাধ্যমে এ্যাকরেজ ব্লক ১৩ ও ১৪-এর অবমুক্ত এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের বাতচিয়া ও হারারগজ এলাকার অগ্রগতি ও তাদের কার্যক্রম অবহিতকরণ। বাতচিয়া এলাকায় রাজকান্দি রিজার্ভ ফরেস্ট ও হারারগজ এলাকায় মুড়াইছড়া ইকো পার্ক বিদ্যমান থাকায় উক্ত এলাকাসমূহে ৩ডি সাইসমিক জরিপ কার্যক্রমে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অনুমোদন প্রাপ্তিতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আন্তরিক ও সর্বাত্নক সহয়োগীতা করার জন্য BGP. Inc., China কর্তৃক কমিটির সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। কমিটিকে অবহিত করা হয় যে BGP. Inc ., China কর্তৃক Low velocity layer (LVL) নির্ধারণের জন্য বাতচিয়া ও হারারগজ এলাকায় যথাক্রমে ২১ টি ও ৫২টি স্থানে আপ-হোল সম্পন্ন করে Near Surface Model (NSM) তৈরী করা হয়েছে। সাইসমিক এ্যাকুইজিশনে কি পরিমান বিস্ফোরক কত গভীরতায় দেয়া হবে তা নির্ধারণের জন্য প্রকল্প এলাকার ৩টি স্থানে প্যারামিটার টেস্ট করা হয়। প্যারামিটার টেস্টের ফলাফল অনুযায়ী বাতচিয়া ও হারারগজ প্রকল্প এলাকার যথাক্রমে ১৮ মিটার ড্রিলিং গভীরতা ও ২.৫ কেজি চার্জ সাইজ এবং ১৮ মিটার ড্রিলিং গভীরতা (হিলি এলাকায় ১৬ মিটার ড্রিলিং গভীরত) ও ৩ কেজি চার্জ সাইজ নির্ধারণ করা হয়। এরপর বাতচিয়া প্রকল্প এলাকায় অবস্থিত অস্থায়ী

ম্যাগাজিন এবং বাতচিয়া প্রকল্প এলাকার রাজকান্দি রিজার্ভ ফরেস্ট এর নিকটবর্তী পাহাড়ের পাদদেশে shooting ও ডাটা রেকড্রিং কার্যক্রম পরিদর্শণ করা হয়।

৩১-০৩-২০২৩ তারিখ এসজিএফএল এর প্রধান কার্যালয় হতে BGP. Inc ক্রো- ৮৬২৬ বি এর দরবক্স, জৈন্তাপুর সিলেট এ অবস্থিত বেজ ক্যাম্প পরিদর্শণ করা হয়। উক্ত স্থানে BGP. Inc., China কর্তৃক পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন এর মাধ্যমে এ্যাকরেজ ব্লক ১৩ ও ১৪-এর অবমুক্ত এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের ডুপিটিলা ও সিলেট সাউথ এলাকার এলাকার অগ্রগতি ও তাদের কার্যক্রম অবহিতকরণ। কমিটিকে অবহিত করা হয় যে BGP. Inc ., China কর্তৃক Low velocity layer (LVL) নির্ধারণের জন্য ডুপিটিলা ও সিলেট সাউথ এলাকায় যথাক্রমে ২৬ টি ও ১৭টি স্থানে আপ-হোল সম্পন্ন করে Near Surface Model (NSM) তৈরী করা হয়েছে। সাইসমিক এ্যাকুইজিশনে কি পরিমান বিস্ফোরক কত গভীরতায় দেয়া হবে তা নির্ধারণের জন্য প্রকল্প এলাকার ৩টি স্থানে প্যারামিটার টেস্ট করা হয়। প্যারামিটার টেস্টের ফলাফল অনুযায়ী ডুপিটিলা ও সিলেট সাউথ প্রকল্প এলাকার যথাক্রমে ১৮ মিটার ড্রিলিং গভীরতা (হিলি এলাকায় ১৫ মিটার ড্রিলিং গভীরত) ও ৩ কেজি চার্জ সাইজ এবং ১৭ মিটার ড্রিলিং গভীরতা ও ৩ কেজি চার্জ সাইজ নির্ধারণ করা হয়। ইতিমধ্যে ডুপিটিলায় ডাটা এ্যাকুইজিশন (১৫০ বর্গ কিলোমিটার) সম্পন্ন হয়েছে। এরপর ডুপিটিলা ও সিলেট সাউথ এলাকার জন্য নির্মিত অস্থায়ী ম্যাগাজিন এবং সিলেট সাউথ এলাকার খাদিমনগর জাতীয় উদ্যান এর নিকটবর্তী চা বাগানে অবস্থিত শুট পয়েন্টে ড্রিলিং ও বিস্ফোরক দ্রব্যাদি লোডিং কার্যক্রম পরিদর্শণ করা হয়।

**২.২।** জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অফিস আদেশ স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২১.৪০.০০১.১৯.৫, তারিখঃ ০২ জানুয়ারি ২০২৩ অনুযায়ী কমিটি উক্ত কার্যক্রমের নিরাপত্তা ব্যবস্থা পরিদর্শন করেন। উক্ত কাজে ব্যবহৃত অস্থায়ী ম্যাগাজিনদ্বয়ে এক্সপ্লোসিভ এবং ডিটোনেটরসমূহ নিরাপদে সংরক্ষিত রয়েছে এবং একাজে আনসার সদস্য নিয়োজিত থাকার বিষয়টি কমিটি নিশ্চিত হয়েছে। স্থানীয় পর্যায়ে ডাটা একুইজিসানে কোন প্রকার অসুবিধা হচ্ছেনা বলে সিসমিক ডাটা একুইজিসানে নিয়োজিত প্রতিষ্ঠান M/s BGP Inc., China National Petroleum Corporation, China নিশ্চিত করেছে। সার্বিক কার্যক্রমের নিরাপত্তা ব্যবস্থা সন্তোষজনক পর্যায়ে রয়েছে।

**২.৩।** বাতচিয়া ব্লকে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের টেকনিক্যাল তথ্যসমূহ নিম্নরূপঃ


| Serial | Items | Parameter (unit) |
|---|---|---|
| 1) | Geometry (main template) | 14L * 384 |
| 2) | Total traces | 5376 |
| 3) | Bin | 20m*20m |
| 4) | Fold | 112 |
| 5) | Receiver interval | 40.00m |
| 6) | RL spacing | 280.00m |
| 7) | Source interval | 80.00m |
| 8) | SL spacing | 240.00m |
| 9) | SL azimuth (deg) | 84.67 |
| 10) | RL azimuth (deg) | 354.67 |
| 11) | Quantity of source lines | 96 |
| 12) | Quantity of source points | 6537 |
| 13) | Quantity of receiving lines | 30 |
| 14) | Receiving points | 10852 |

**২.৪।** সিলেট সাউথ ব্লকে ৩ডি সাইসমিক জরিপ প্রকল্পের টেকনিক্যাল তথ্যসমূহ নিম্নরূপঃ

| Serial | Items | Parameter (unit) |
|---|---|---|
| 1) | Geometry (main template) | 20L * 384 |
| 2) | Total traces | 7680 |
| 3) | Bin | 20m*20m |
| 4) | Fold | 100 |
| 5) | Receiver interval | 40.00m |
| 6) | RL spacing | 240.00m |
| 7) | Source interval | 80.00m |
| 8) | SL spacing | 240.00m |
| 9) | SL azimuth (deg) | 45 |
| 10) | RL azimuth (deg) | 315 |
| 11) | Quantity of source lines | 53 |
| 12) | Quantity of source points | 3792 |
| 13) | Quantity of receiving lines | 53 |
| 14) | Receiving points | 8365 |

**৩। পরিদর্শন কার্যক্রম এর স্থিরচিত্র:**

সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)-এর এ্যাকরেজ ব্লক ১৩ ও ১৪-এর অবমুক্ত এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের আওতায় বেজ ক্যাম্প, ডাটা এ্যাকুইজিশন এলাকা পরিদর্শন, শুট পয়েন্টে ড্রিলিং ও বিস্ফোরক লোডিং এবং ডাটা সংগ্রহের সময় সংগৃহীত স্থিরচিত্র নিম্নরূপ:














**৪.০** পরিদর্শনকালে সার্বিক সহযোগিতা করার জন্য BGP. Inc., China কর্তৃপক্ষ, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকসহ উপস্থিত অন্যান্য সকল সদস্যদের মনিটরিং টিমের পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং প্রকল্পের কাজে বাস্তবায়ন অগ্রগতি সন্তোষ প্রকাশ করা হয়। মনিটরিং টিম বাস্তবায়ন কাজের ধারা অব্যাহত রাখার বিষয়ে গুরুত্ব আরোপ করে এবং ২ডি ও ৩ডি জরিপ কাজের গুনগত মান বজায় রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করে।

**৫.০ কমিটির মন্তব্য/সুপারিশ:**

| **ক্রম** | **মন্তব্য/ সুপারিশ** | **বাস্তবায়নকারী** |
|---|---|---|
| ৫.১ | ডাটা এ্যাকুইজিশন কাজ শেষে সিসমিক সার্ভিস প্রোভাইডার প্রতিষ্ঠান তাদের ডাটা প্রসেসিং সেন্টারে প্রসেসিং সম্পন্ন করতঃ ইন্টারপ্রিটেশনের মাধ্যমে নতুন কূপ লোকেশন চিহ্নিত করে রিপোর্ট প্রদান করবে। সেই লক্ষ্যে ডাটা প্রসেসিং ও ইন্টারপ্রিটেশন (ভূতাত্ত্বিক ও রিজার্ভার মডেলিং) কার্যক্রম চলাকালীন টেকনিক্যাল ডাটা এর গুণগতমান পর্যালোচনা করতে হবে; | পেট্রোবাংলা, এসজিএফএল, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক, সাইসমিক জরিপ মনিটরিং টিম |
| ৫.২ | BGP. Inc., China কর্তৃক সম্পন্নকৃত ডাটা এ্যাকুইজিশন সংক্রান্ত প্রতিবেদন/প্রত্যায়ন সংগ্রহ করতে হবে; | এসজিএফএল এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

| | | |
|---|---|---|
| ৫.৩ | সিসমিক কার্যক্রমে ডাটা প্রসেসিং এবং ইন্টারপ্রিটেশন অধিক গুরত্বপূর্ণ হওয়ায় ডাটা একুইজিসান কার্যক্রম সম্পন্ন হওয়ায় পরবর্তীতে ডাটা প্রসেসিং এবং ইন্টারপ্রিটেশন কার্যক্রমও কমিটি সরেজমিন মনিটর করবে; | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, এসজিএফএল, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক, সাইসমিক জরিপ মনিটরিং টিম |
| ৫.৪ | ডাটা একুইজিসান পরবর্তীতে ডাটা প্রসেসিং এবং ইন্টারপ্রিটেসান কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে যাতে দ্রুত কূপ খননের লোকেসন চিহ্নিত করে কূপ খনন কার্যক্রম সম্পন্ন করা যায়; | এসজিএফএল, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৫.৫ | প্রকল্পের বাস্তবায়নের সকল পর্যায়ে সকল কাজের গুনগত মান নিশ্চিত করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে; | এসজিএফএল, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৫.৬ | জরিপ প্রকল্পের আওতায় বেজ ক্যাম্প, ম্যাগাজিনসহ অন্যান্য স্থাপনায় এবং বিস্ফোরক দ্রব্যাদি পরিবহনে নিরাপত্তা কার্যক্রম জোরদার করতে হবে। | এসজিএফএল, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

৯/৪/২৩

মোহাম্মদ রবিউল আউয়াল খান
ব্যবস্থাপক
পেট্রোবাংলা
ও
সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি

০৯/০৪/২০২৩

মো: মাফরুল আলম
প্রোগ্রামার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

৯/৪/২০২৩

মো: আ: খালেক মল্লিক
অতিরিক্ত সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি